

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৬, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ১৯৫-আইন/আয়কর/২০২১ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার Obstetrical and Gynaecological Society of Bangladesh (OGSB) এর জনকল্যাণ এবং সেবামূলক কার্যক্রম হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপনীয় আয়কর প্রদান করা হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১৯ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা :—

শর্তাবলি

- (ক) উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চিকিৎসা সেবা (হাসপাতালে ভতি ও তৎপরবর্তী আবাসিক চিকিৎসা সুবিধা, বহির্বিভাগীয় পরামর্শ বা ব্যবস্থাপত্র, প্যাথলজিক্যাল পরীক্ষা, সার্জারিসহ আনুষঙ্গিক অন্যান্য চিকিৎসা সুবিধা) এর ৩০% (ত্রিশ শতাংশ) গরীব ও অসহায় রোগীদের জন্য বিনামূল্যে প্রদানের ব্যবস্থা রাখিতে হইবে;
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে আয়কর ও মূল্য সংযোজন কর (মূসক) কর্তৃত হইবে; এবং
- (গ) উক্ত প্রতিষ্ঠানকে নিয়মিতভাবে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ণ দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৯০৯৫)

মূল্য : টাকা ৮.০০